দৈনিক ইত্তেফাক

তারিখ ...... 
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ......

21 2002

পরীক্ষকদের অনেকে হতাশ

# ২০০১ সালের এসএসসি পরীক্ষার খাতার বিল এখনো পরিশোধ হয়নি

**স্টাফ রিপোর্টার ঃ** ঢাকা শিক্ষাবোর্ডে এখন অনিয়মই যেন নিয়মে পরিণত হয়েছে। ২০০১ সালের এসএসসি পরীক্ষার পরীক্ষকদের ইংরেজীসহ বিভিন্ন বিষয়ের বিল এখনো ছাড়া হয়নি। শিক্ষকরা এ ব্যাপারে প্রতিদিন বোর্ডে গিয়ে ধরনা দিয়ে কোন সদুত্তর পাচ্ছেন না। আরো ২/১ মাস লাগবে বলে সংশ্লিষ্ট কর্মচারীরা জানিয়েছেন।

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## এসএসসি পরীক্ষার খাতার বিল

প্রথম পৃষ্ঠার পর

গত এপ্রিল মাসে ২০০২ সালের পরীক্ষার খাতা বিতরণের সময় শিক্ষকরা পূর্ববর্তী বছরের বিলের দাবী জানালে পরীক্ষা নিয়ন্ত্রক জানান, প্রধান পরীক্ষকদের সামান্য ভুলের কারণে বিল প্রদানে বিলম্ব হয়েছে। তবে সে ত্রুটি দূর করা হয়েছে এবং শিগগিরই বিল প্রদান করা হবে। ৪ মাস গত হলেও কয়েক হাজার শিক্ষক এখনো তাদের বিল পাননি। তবে কর্মচারীদের পিছনে কিছু খরচ করে কেউ কেউ বিল নিয়ে নিচ্ছেন বলে কয়েকজন শিক্ষক জানান। বোর্ডের এই আচরণে পরীক্ষকদের অনেকেই হতাশ। এভাবে বিল প্রদানে বিলম্ব হলে শিক্ষকরা আগামী বছর খাতা দেখা থেকে বিরত থাকতে পারেন বলে শিক্ষক সমিতির একটি সূত্র আভাস দিয়েছে।